# কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

৩৮. কারোর একটি মাত্র কাপড় থাকলে নামায পড়ার সময় তা পুরো শরীরে পেঁচিয়ে পরিধান করা

আব্দুল্লাহ্ বিন্ 'উমর (রাযিয়াল্লাহু আনহুমা) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

إِذَا صَلَّى أَحَدُكُمْ فِيْ ثَوْبٍ وَاحِدٍ فَلْيَشُدَّهُ عَلَى حَقْوَيْهِ ، وَلاَ تَشْتَمِلُوْا كَاشْتِمَالِ الْيَهُوْدِ

“যখন তোমাদের কেউ এক কাপড়ে নামায পড়ে তখন সে যেন তা তার কোমরেই বেঁধে নেয়। সে যেন তা ইহুদিদের ন্যায় পুরো শরীরে পেঁচিয়ে পরিধান না করে”।[1]

অন্য বর্ণনায় রয়েছে,

إِذَا كَانَ لِأَحَدِكُمْ ثَوْبَانِ ؛ فَلْيُصَلِّ فِيْهِمَا ، فَإِنْ لَمْ يَكُنْ إِلاَّ ثَوْبٌ وَاحِدٌ ، فَلْيَتَّزِرْ بِهِ ، وَلاَ يَشْتَمِلْ اشْتِمَالَ الْيَهُوْدِ

“তোমাদের কারোর নিকট দু'টি কাপড় থাকলে সে যেন উভয় কাপড় পরেই নামায পড়ে। আর যদি তার নিকট একটিমাত্র কাপড় থাকে তা হলে সে যেন তা নিম্ন বসন হিসেবেই পরিধান করে। ইহুদিদের ন্যায় সে যেন তা পুরো শরীরে পেঁচিয়ে পরিধান না করে”।[2]

>

## ফুটনোট

[1] (স্বা'হীহুল-জা'মি', হাদীস ৬৫৬)

[2] (আবু দাউদ, হাদীস ৬৩৫)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11288

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন